গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর**
**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
৩২, ঈশা খাঁ অ্যাভিনিউ, সেক্টর-৬, উত্তরা, ঢাকা-১২৩০।

নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর: ২৩.০৬.০০০০.০০০.১১.০১০.১৬-৩১ তারিখ: ২৬ নভেম্বর ২০২৫।

# নিয়োগ বিজ্ঞপ্তি

১। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত রাজস্ব খাতের নিম্নেবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের সকল জেলার স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে https://bncc.teletalk.com.bd ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (Online) দরখাস্ত আহবান করা হচ্ছে:

| ক্র/নং | পদের নাম | বেতন গ্রেড ও স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (০১) | সুপারিনটেনডেন্ট | গ্রেড-১২<br>১১৩০০-২৭৩০০/- | ০১টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) সরকারি অথবা আধাসরকারি অফিসে ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(গ) কম্পিউটার টাইপিং জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| (০২) | ড্রাফটসম্যান | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ০১টি | ড্রাফটসম্যানশিপে সাটিফিকেটসহ স্বীকৃত বোর্ড থেকে কমপক্ষে মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| (০৩) | অফিস সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ১৩টি | স্বীকৃত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (০৪) | অফিস সহায়ক | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০৯টি | (ক) ৬ষ্ঠ শ্রেণি পাস; এবং<br>(খ) অবশ্যই সাইকেল চালানো জানতে হবে। |
| (০৫) | মালী | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০২টি | (ক) ৬ষ্ঠ শ্রেণি পাশ; এবং<br>(খ) বাগান তৈরি ও রক্ষণাবেক্ষণের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| (০৬) | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০৮টি | (ক) ৬ষ্ঠ শ্রেণি পাস;<br>(খ) নিরাপত্তা প্রহরী হিসেবে অবশ্যই অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(গ) সশস্ত্র বাহিনী অথবা পুলিশের অবসরপ্রাপ্ত সিপাহিরা (সৈনিক/কনস্টেবল) অগ্রাধিকার পাবে। |
| (০৭) | পরিচ্ছন্নতাকর্মী | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- | ০৩টি | অক্ষরজ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

২। <u>নিম্নেবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:</u>

ক। সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১/১১/২০২৫ খ্রি: তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ। চাকুরির আবেদন ফরমে (Applicants Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লেখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

ঘ। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঙ। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

চ। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং অনলাইনে পূরণকৃত Application Formসহ জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, বিশেষ কোটার (প্রযোজ্য ক্ষেত্রে) ও প্রশিক্ষণ সনদের সমর্থনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ছ। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের সকল শূন্য পদ পূরণে "Non-Gazetted Staff (Directorate of Bangladesh National Cadet Corps) Recruitment Rules, 1981" অনুসরণ করা হবে।

জ। কেবলমাত্র নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ করা হবে। এক্ষেত্রে কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

ঝ। নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঞ। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। <u>আবেদনপত্র পূরণসংক্রান্ত শর্ত ও নিয়মাবলী:</u>

ক। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <u>https://bncc.teletalk.com.bd</u> ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১/১২/২০২৫ খ্রি: সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২১/১২/২০২৫ খ্রি: বিকাল ০৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। Online আবেদনপত্রে প্রার্থী তাঁর সাম্প্রতিক তোলা (০৩ মাসের মধ্যে) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ। মোবাইলে SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ১৫০/- (একশত) টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- (আঠারো) টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ০২-০৩ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ১০০/- (একশত) টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ০৪-০৭ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা সরকারি কোষাগারে জমা করার নিমিত্ত ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। **বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

**প্রথম SMS:** BNCC<space>UserID লিখে Send করতে হবে 16222নম্বরে।

**Example:** BNCC ABCDEF

**Reply:** Applicant's Name, Tk---------- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BNCC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BNCC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222নম্বরে।

**Example:** BNCC YES 12345678

**Reply:** Congratulations Applicant's Name, payment completed successfully for BNCC Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://bncc.teletalk.com.bd অথবা bncc.portal.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, নিয়মিত SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (অবশ্যই রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নেবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN ব্যবহার করে প্রার্থীর User ID ও Password পুনরুদ্ধার করতে পারবেন। পুনরুদ্ধার করতে পারবেন:

i. User ID জানা থাকলে:

BNCC<space>Help<space>User<space>UserID & Send to 16222.

**Example:** BNCC HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে:

BNCC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

**Example:** BNCC HELP PIN 12345678

ঝ। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর এর ওয়েবসাইটে (bncc.portal.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

ঞ। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা bncc23.06.0000.000@gmail.com এ ই-মেইল, এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BNCC, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৪। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। ভুল তথ্য/কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নেবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

ক। প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র) ও সাম্প্রতিক তোলা (০৩ মাসের মধ্যে) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

খ। প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

গ। কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি।

ঘ। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা নবম গ্রেড তদূর্ধ্ব গেজেটেড কর্মকর্তা (প্রাক্তন প্রথম শ্রেণি) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ। জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি।

চ। Online-এ পূরণকৃত আবেদনপত্রের রঙিন কপি (Applicant's Copy) ও প্রবেশ পত্রের (Admit Card) কপি।

৫। উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

**নোট: শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ প্রদান করা হলো।**

সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ প্রদান কমিটি
বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code